উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ক্রয় প্রক্রিয়ায় ব্যবহারের জন্য

# আদর্শ উন্মুক্ত দরপত্র অনুরোধ জ্ঞাপন দলিল


**ওয়েভ ফাউন্ডেশন**
**প্রধান কার্যালয়**
**২২/১৩/বি, ব্লক-বি, খিলজী রোড়, শ্যামলী,**
**মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।**

**"ভেন্যু, খাবার ও থাকার ব্যবস্থা" শীর্ষক ক্রয়ের জন্য উন্মুক্ত দরপত্র অনুরোধ পত্র**

তারিখঃ ২৩ এপ্রিল, ২০২৬ সূত্র নংঃ ওয়েভ ফাউন্ডেশন/ক্রয় বিষয়ক/ 1164 /২০২৬

প্রাপক,

........................

........................

**জনাব**

শুভেচ্ছা জানবেন।

১. **ওয়েভ ফাউন্ডেশন** আগামী ১৪-১৭ মে, ২০২৬ এবং ১৮-২১ মে, ২০২৬ তারিখে খুলনা বিভাগীয় শহরে অনুষ্ঠিতব্য ০৩ দিন ব্যাপী ২ টি প্রশিক্ষণ কর্মশালা (বুটক্যাম্প) আয়োজনের নিমিত্তে **"ভেন্যু, খাবার ও থাকার ব্যবস্থা ক্রয়"** এর জন্য কর্তৃপক্ষের অনুমোদন লাভ করেছে এবং উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দ্রবাদি ক্রয় করা হবে।

২. এই উন্মুক্ত দরপত্র ডকুমেন্টটি ব্যবহারপূর্বক উন্মুক্ত দরপত্র টি প্রস্তুত ও দাখিল করতে হবে, যা ওয়েভ ফাউন্ডেশনের ওয়েবসাইট (https://wavefoundationbd.org/notice) হতে বিনামূল্যে ডাউনলোডের মাধ্যমে সংগ্রহ করা যাবে।

৩. উন্মুক্ত দরপত্রটি সঠিক ও সম্পূর্ণরূপে পূরণপূর্বক ডকুমেন্ট এর প্রতি পাতায় দাখিলকারী প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরপূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে।

৪. খুলনা, বরিশাল, সিলেট ও চট্টগ্রাম শহরে প্রশিক্ষণ কর্মশালা (বুটক্যাম্প) অনুষ্ঠিত হবে। প্রতি বিভাগের জন্য ১ টি প্রতিষ্ঠানকে উক্ত বিভাগীয় শহরে ২ টি করে প্রশিক্ষণ কর্মশালার জন্যে খাবার, ভেন্যু ও থাকার ব্যবস্থা সরবরাহের জন্য নির্বাচিত করা হবে। অর্থাৎ, ৪টি বিভাগের জন্য পৃথকভাবে মোট ৪ টি প্রতিষ্ঠানকে নির্বাচিত করা হবে। ১টি প্রতিষ্ঠান কেবলমাত্র তার নিজ বিভাগের জন্যে দরপত্র জমা দিতে পারবে।

৫. **ওয়েভ ফাউন্ডেশন** প্রতিটি বিভাগের জন্য প্রশিক্ষণ কর্মশালার প্রস্তাবিত তারিখ পরিবর্তন করার ক্ষমতা রাখে। সেক্ষেত্রে, উক্ত বিভাগের জন্য নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠানকে অবশ্যই অন্তত ০৭ দিন পূর্বে জানানো হবে।

৬. মুখবন্ধ খামযোগে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী **০৩ মে, ২০২৬ তারিখ বিকাল ৩:০০ টা**-এর মধ্যে উন্মুক্ত দরপত্র দাখিল করতে হবে।

৭. খামের উপরে **"উন্মুক্ত দরপত্র"** শব্দটি এবং **ক্রয়ের নাম উল্লেখ থাকা বাঞ্চনীয়**। নিম্নে উল্লেখিত ঠিকানাস্থ টেন্ডার বক্সে উন্মুক্ত দরপত্র সমূহ সরবরাহকারী কর্তৃক সশরীরে অথবা ডাকযোগে অথবা কুরিয়ারের মাধ্যমে জমা করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল উন্মুক্ত দরপত্র সমূহ খোলা ও মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট পাঠানো হবে।

৮. উন্মুক্ত দরপত্রটি **০৩ মে, ২০২৬ তারিখ বিকাল ৩:০১ টায়** উন্মুক্ত করা হবে এবং কোন দরদাতা চাহিলে উপস্থিত থাকতে পারবেন।

৯. উন্মুক্ত দরপত্র দাতার প্রদত্ত দর বা মূল্যের মধ্যে মুনাফাসহ আইন অনুযায়ী নির্ধারিত সকল ধরনের কর, ফি, লেভী ইত্যাদি ও অন্যান্য সকল ধরণের চার্জ অন্তর্ভুক্ত থাকবে এবং সরকারি বিধি অনুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১০. দরপত্রটিতে টাকায় দর/মূল্য উদ্ধৃত করতে হবে এবং উদ্ধৃত দর/মূল্য চুক্তিকালীন সময়ের জন্য অপরিবর্তনীয় থাকবে।

১১. আইনগতভাবে চুক্তিতে উপনীত হবার জন্য যে সকল যোগ্যতা থাকা প্রয়োজন উন্মুক্ত দরপত্র দাতার সে সকল যোগ্যতা থাকতে হবে। উন্মুক্ত দরপত্র দাতাকে তার যোগ্যতার সমর্থনে **হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট, ব্যাংক সলভেন্সি, কোম্পানি প্রোফাইল (ভেন্যু, খাবার এবং থাকার জায়গার ছবি ও পরিমাপ সম্বলিত) ও অভিজ্ঞতার সনদ-এর অনুলিপি দাখিল করতে হবে**। অন্যথায় উন্মুক্ত দরপত্র টি মূল্যায়নকালে অগ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে।

১২. মূল্যায়ন কমিটি দরপত্রে উল্লেখিত একক অথবা মোট মূল্য সংক্রান্ত তথ্য ও সংযুক্ত দলিলাদি মোতাবেক মূল্যায়ন কার্যক্রম সম্পাদন করবেন।

১৩. একক দর/মূল্য ও মোট মূল্যের মধ্যে পার্থক্য দেখা দিলে একক দর/মূল্য প্রাধান্য পাবে। সংখ্যায় উল্লিখিত পরিমানের সাথে কথায় উল্লেখিত পরিমানের পার্থক্য দেখা দিলে কথায় উল্লেখিত পরিমান প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক সম্পাদিত উক্তরূপ গানিতিক সংশোধনী গ্রহন/মেনে চলতে উন্মুক্ত দরপত্র দাতা বাধ্য থাকবেন।

১৪. মূল্যায়নের ভিত্তিতে ক্রয়াদেশ গ্রহনকারী/সরবরাহকারীকে **"ওয়েভ ফাউন্ডেশন"** শিরোনামে ১৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার ফেরতযোগ্য পারফরমেন্স সিকিউরিটি হিসেবে **'পে-অর্ডার'** জমা দিতে হবে। উক্ত জামানত এর অর্থ কার্যসম্পাদনের **৩০ (ত্রিশ)** দিন পর ফেরত প্রদান করা হবে।

১৫. ক্রয়াদেশ উন্মুক্ত দরপত্র দাতার জন্য চুক্তিরূপে পরিগনিত হবে। ক্রয়াদেশে উল্লেখিত ভেন্যু, খাবার ও থাকার জায়গার তালিকা, মূল্য এবং কারিগরী বিনির্দেশ চূড়ান্ত বলে গন্য হবে।

১৬. ক্রয়কারী ক্রয় প্রক্রিয়ার যে কোন পর্যায়ে সকল উন্মুক্ত দরপত্র বাতিল বা অত্র পদ্ধতিতে সম্পূর্ণ ক্রয় প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**দরপত্র আহবানকারীর স্বাক্ষরঃ**

**নাম : মোঃ আব্দুল আলীম**

পদবী : আহবায়ক, কেন্দ্রীয় ক্রয় কমিটি

ঠিকানা : ওয়েভ ফাউন্ডেশন,

২২/১৩বি, ব্লক-বি, খিলজী রোড়, শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

যোগাযোগ : মোবাইল : ০১৭১৩১৯৫০১০

**অনুলিপি :**

০১) পরিচালক, প্রশাসন ও মানব সম্পদ বিভাগ, ওয়েভ ফাউন্ডেশন।

০২) অফিস নথি ।

# দরপত্র দাখিলপত্র

স্মারক নংঃ তারিখঃ ..................................

বরাবর

**আহবায়ক**

কেন্দ্রীয় ক্রয় কমিটি
ওয়েভ ফাউন্ডেশন
২২/১৩/বি, ব্লক-বি, খিলজী রোড়,
শ্যামলী, মোহাম্মদপুর,
ঢাকা-১২০৭।

জনাব

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, আপনার কর্তৃক আহবানকৃত উপর্যুক্ত উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল শর্তসমূহ মেনে বিজ্ঞপ্তিতে চাহিত পন্য ও তৎসংশ্লিষ্ট সেবা সরবরাহ করার নিমিত্ত দর অফার করছি।

অত্র উন্মুক্ত দরপত্রে ........ টি দ্রব্যের মোট মূল্য ........................ টাকা (**কথায়**)..........................................................................।

দরপত্র ডকুমেন্টে উল্লিখিত সময়সীমার জন্য আমার/আমাদের দর বৈধ থাকবে এবং বৈধতার মেয়াদ উত্তীর্ণের পূর্বে উক্ত দর গ্রহণে আমি/আমরা বাধ্য থাকবো।

আমি/আমরা ঘোষনা করছি যে, চুক্তিতে উপনীত হবার জন্য আইনগতভাবে প্রয়োজনীয় সকল যোগ্যতা আমার/আমাদের রয়েছে এবং কোন দুর্নীতি, প্রতারনা, সমষ্টিগত কারচুপি বা জোর-জবরদস্তিমূলক কর্মকান্ডের কারনে বাংলাদেশ সরকার কর্তৃক আমাকে/আমাদেরকে অযোগ্য ঘোষনা করা হয়নি। তদুপরি অত্র ক্রয়প্রক্রিয়ায় প্রতিযোগিতাকালে অথবা পন্য সরবরাহকালে উক্তরূপ কর্মকান্ডে জড়িত না হবার প্রতিজ্ঞা করছি।

আমি/আমরা নিজ নামে অথবা অন্য কোন নামে অথবা বেনামে অত্র ক্রয়প্রক্রিয়ায় একাধিক উন্মুক্ত দরপত্র দাখিল করছি না। আমার/ আমাদের অনুকূলে ক্রয়াদেশ জারী করা হলে তা চুক্তি হিসেবে গন্য করবো এবং তা মেনে চলতে আমি/আমরা বাধ্য থাকবো।

আপনার কর্তৃক জারীকৃত দরপত্রের ডকুমেন্ট আমি/আমরা পরীক্ষা করেছি এবং ডকুমেন্ট সংক্রান্ত কোন আপত্তি নেই।

আমার/ আমাদের উপর কোন দায়ভার অর্পন ব্যতিরেকে ক্রয়কারী কর্তৃক ক্রয় প্রক্রিয়ার যে কোন পর্যায়ে সকল উন্মুক্ত দরপত্র বাতিল বা অত্র পদ্ধতিতে সম্পূর্ণ ক্রয়প্রক্রিয়া বাতিল করা সংক্রান্ত সংরক্ষিত ক্ষমতা সম্পর্কে আমি/আমরা অবগত।

**(উন্মুক্ত দরপত্র দাখিলকারীর সীলসহ স্বাক্ষর)**

**তারিখঃ**

ভেন্যু, খাবার ও থাকার ব্যবস্থা এবং তৎসংশ্লিষ্ট সেবা সরবরাহের নিমিত্ত দর/মূল্য তফসিল

সূত্র নং: ওয়েভ ফাউন্ডেশন/ক্রয় বিষয়ক/ /২০২৬ তারিখ:

| S/N | Items Description | Unit | Unit Price | Total Price |
|---|---|---|---|---|
| | ***Region: Khulna Division***<br>Place of Event: Khulna City<br>**For Bootcamp-1: 14-17 May, 2026**<br>Day-1: 13.05.2026, Day-2: 14.05.2026, Day-3: 15.05.2026, Day-4: 16.05.2026, Day-5: 17.05.2026,<br>**For Bootcamp-2: 18-21 May, 2026**<br>Day-1: 17.05.2026, Day-2: 18.05.2026, Day-3: 19.05.2026, Day-4: 20.05.2026, Day-5: 21.05.2026, | | | |
| | ***Items per Event:*** | | | |
| 01. | **Venue:** The venue cost for hosting a workshop for 30–40 participants, with a setup of 6–7 tables accommodating five (5) participants per table, inclusive of a multimedia projector, projector screen, whiteboard and flipchart board. | 04 Days | | |
| 02 | **Accommodation:** | | | |
| | Single Deluxe bed (AC) for 5 (Five) nights (from Day 01-Day 5) | 12 Person | | |
| | Twin Bed(AC) for 3 (Three) Nights (from Day 02-Day 04) | 30 Person | | |
| 03 | **Catering Menu:** | | | |
| | **Day-1:** | | | |
| | **Lunch:** Plain Rice, Chicken Curry, mixed vegitable, butter dal, mach Vorta, Alu vorta, Salad and lemon, Rice Pudding | 12 Person | | |
| | **Dinner:** Thai Soup, wonthon, Chicken Cashew Nut Salad, Egg Fried rice, Chicken Fry, Chainese Vegitable, Chicken chili onion, Faluda | 12 Person | | |
| | **Day-2:** | | | |
| | **Lunch:** Plain Rice, Shurshe Elish, Mixed Vegitable, Dal Makhni, Tomato Vorta, Yogurt, Mixed Salad and lemon | 12 Person | | |
| | **Afternoon Snacks:** Chicken Patis, Chocolate Pie, Tea/Coffee, Water | 42 Person | | |
| | **Dinner:** Steamed Rice, Chicken Curry, Rui Fish Fry, Mixed Vegitable, Butter Dal, Mixed salad and Lemon, Pudding | 42 Person | | |
| | **Day-3:** | | | |
| | **Morning Snacks:** Basvusa, Guava, tea/coffee, Water | 42 Person | | |
| | **Lunch:** Plain Rice, Mutton, Mixed Vegitable, Dal Makhni, Tomato Vorta, Yogurt, Mixed Salad and lemon | 42 Person | | |
| | **Afternoon Snacks:** Fish Finger, Watermelon, Tea/Coffee, Water | 42 Person | | |
| | **Dinner:** Plain Rice, Shurshe Elish, Mixed Vegitable, Dal Makhni, Tomato Vorta, Yogurt, Mixed Salad and lemon | 42 Person | | |
| | **Day-4:** | | | |
| | **Morning Snacks:** Chicken Paties, Watermelon, tea/coffee, Water | 42 Person | | |
| | **Lunch:** Plain Polao, Chicken Roast, Mutton Vhuna, Mixed Vegitable, Raita salad, and Lemon, Faluda, Soft drink | 42 Person | | |
| | **Afternoon Snacks:** Chicken Cutlet, Kunafa, Orange, Tea,Coffee, Water | 42 Person | | |
| | **Dinner:** Plain Rice, Chicken Curry, mixed vegitable, butter dal, mach Vorta, Alu vorta, Salad and lemon, Rice Pudding | 42 Person | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | **Day-5:**<br>**Morning Snacks:** Cake, Pineaple, Tea/coffee, Water<br>**Lunch:** Steamed Rice, Mixed Vegitable, Dal Makhni, Prawn Dopiyaja, Chicken Curry, Mixed Salad and Lemon, Ice-creame<br>**Afternoon Snacks:** Chicken paties, Bakalava, Orange, Tea/coffee, Water<br>**Dinner:** Plain Rice, Shurshe Elish, Mixed Vegitable, Dal Makhni, Tomato Vorta, Yogurt, Mixed Salad and lemon | 42 Person<br>42 Person<br>42 Person<br>12 Person | | |
| | **Grand Total (In Number)** | | | |
| **Grand Total (In Word):** | | | | |

| | |
|---|---|
| পন্য ও তৎসংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থান | **সংযুক্ত তালিকা অনুযায়ী** |
| প্রদত্ত দরের বৈধতার মেয়াদ | ..........................................................................তারিখ পর্যন্ত |
| সরবরাহের অফার প্রদান করা হলো | ক্রয়াদেশ জারীর তারিখ থেকে ....................................... দিন/মাস পর্যন্ত |
| ওয়ারেন্টি প্রদান করা হলো | সরবরাহ সম্পন্ন হবার তারিখ থেকে ..................................দিন/মাস পর্যন্ত |

| |
|---|
| **উন্মুক্ত দরপত্র দাখিলকারীর সীলসহ স্বাক্ষর:**<br>**তারিখ:** |
| **উন্মুক্ত দরপত্র দাখিলকারীর নাম:** |

## পণ্য ও সেবা সরবরাহ ও মূল্য পরিশোধের শর্ত এবং নিয়মাবলী

১. চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনার নিমিত্ত এই শিরোনামের অধীন বর্ণিত শর্ত ও নিয়মাবলী ক্রয়কারী ও সরবরাহকারী উভয়ের উপর অবশ্য পালনীয় মর্মে গন্য হবে।

২. পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০২৫ এর সংশিষ্ট বিধান মোতাবেক অত্র শর্ত ও নিয়মাবলী বাস্তবায়ন এবং ব্যাখ্যা করতে হবে।

৩. চুক্তি মোতাবেক সকল সরবরাহ ক্রয়কারী কর্তৃক যে কোন সময়ে পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন, পরিমাপ গ্রহণ, মান পরীক্ষা, কমিশনিং এবং তদারকির জন্য উন্মুক্ত থাকবে।

৪. ক্রয়কারী অত্র ডকুমেন্টে উল্লিখিত কারিগরী বিনির্দেশের আলোকে সরবরাহকৃত পন্য ও সেবা পরীক্ষাপূর্বক গ্রহণ করবেন এবং কোন ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে অবহিত করবেন।

৫. সরবরাহকৃত পন্যে ত্রুটি পাওয়া গেলে অথবা বিনির্দেশ এর সাথে অসামঞ্জস্যপূর্ণ হলে সংশ্লিষ্ট ক্রয়কারী কারন প্রদর্শনপূর্বক উক্ত সরবরাহ প্রত্যাখান/বাতিল ঘোষনা করতে পারবে।

৬. **অত্র ক্রয়ের সাথে আইন মোতাবেক সংশ্লিষ্ট সকল ফি, ডিউটি, লেভী ও অন্যান্য চার্জ সরবরাহকারী কর্তৃক প্রদান করতে হবে। সুতরাং সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত দর/মূল্যে আইন মোতাবেক সকল ধরনের ফি, ডিউটি, লেভী ও অন্যান্য চার্জ এবং সংশিষ্ট পন্য সরবরাহে সরবরাহকারীর মুনাফা ও ওভারহেড ব্যয় অন্তর্ভুক্ত রয়েছে মর্মে গন্য হবে এবং সরকারি বিধি অনুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।**

৭. ক্রয়কারী মূল্য তফসিলে উল্লিখিত দর/মূল্য মোতাবেক সরবরাহকারী কর্তৃক সম্পাদিত **খাবার ও থাকার জায়গার প্রকৃত সরবরাহের মূল্য পরিশোধ** করবেন।

৮. সরবরাহকারী কর্তৃক সরবরাহ দাখিল এবং ক্রয়কারী কর্তৃক তা গ্রহণের পরই চুক্তি মোতাবেক প্রকৃত সরবরাহের সম্পূর্ণ মূল্য পরিশোধ করা যাবে।

৯. **অত্র পন্য ও সেবা সববরাহ চুক্তির মোট মূল্য ...............................................................................(সংখ্যায় ও কথায় উলেখ করতে হবে)।**

১০. পন্য ও তদসংশ্লিষ্ট সেবা সরবরাহকালে সরবরাহকারীর নিজের অথবা তার/তাদের কর্মচারী/শ্রমিক অথবা ক্রয়কারীর কর্মচারী অথবা তৃতীয় কোন ব্যক্তির জানমাল বা সম্পত্তির উপর সৃষ্ট ক্ষয়ক্ষতি/দাবীর বিষয়ে ক্রয়কারীকে অব্যাহতি প্রদান করবে।

১১. পন্য ও তদসংশ্লিষ্ট সেবা সরবরাহজনিত কোন দাবী উত্থাপিত হলে সরবরাহকারী নিজ দায়িত্বে ও ব্যয়ে উক্ত দাবীর নিষ্পত্তি করবে। সরবরাহকৃত পন্যে সরবরাহ/স্থাপন/কাজ সম্পাদনজনিত কারনে কোন ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারী নিজ দায়িত্বে ও ব্যয়ে উক্ত ত্রুটি সংশোধন করবে।

১২. ক্রয়কারী প্রয়োজনের নিরিখে পিপিআর-২০২৫ এর বিধান মোতাবেক এই শিরোনামের অধীন বর্ণিত মূল শর্ত ও নিয়মাবলী এর পরিবর্তনপূর্বক চুক্তি সংশোধন করতে পারবে।

১৩. ক্রয়কারী যে কোন সময়ে সরবরাহকারীকে লিখিত পত্র প্রদানপূর্বক আংশিক বা সম্পূর্ণ ক্রয়চুক্তি বাতিল করতে পারবে যদি সরবরাহকারী:

ক) সরবরাহ তফসিল ও বিনির্দেশ মোতাবেক পন্য ও তদসংশ্লিষ্ট সেবা সরবরাহে ব্যর্থ হয়, অথবা

খ) ক্রয়কারীর বিবেচনায় পন্য ও তদসংশ্লিষ্ট সেবা সরবরাহের ক্রয় প্রক্রিয়ায় প্রতিযোগীতাকালে অথবা সরবরাহকালে কোন দুর্নীতি, প্রতারনা, সমষ্টিগত কারচুপি বা জোর-জবরদস্তিমূলক কর্মকান্ডে জড়িত থাকে, অথবা

গ) চুক্তি মোতাবেক কোন দায়িত্ব পালনে ব্যর্থ হয়।

১৪. চুক্তিজনিত উদ্ভূত কোন বিরোধ শান্তিপূর্ন সমঝোতার মাধ্যমে নিষ্পত্তিতে ক্রয়কারী ও সরবরাহকারী উভয়েই তাদের সর্বোচ্চ চেষ্টা করবেন।

১৫. ক্রয়কার্যে দুর্নীতি, প্রতারনা, সমষ্টিগত কারচুপি বা জোর-জবরদস্তিমূলক কর্মকান্ড সংক্রান্ত পিপিএ-২০০৬ এর অনুচ্ছেদ ৬৪ এবং পিপিআর-২০২৫ এর বিধি সম্পর্কে সরবরাহকারী ওয়াকিবহাল ও সতর্ক থাকবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে তা সরবরাহকারীর উপর কার্যকর হবে।

১৬. পন্য সরবরাহ ও প্রতিস্থাপনের পর সরকারি বিধি অনুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করে ক্রসচেক/ব্যাংক স্থানান্তরের মাধ্যমে মূল্য পরিশোধ করা হবে।

| ক্রয়কারীর স্বাক্ষর: | সরবরাহকারীর স্বাক্ষর: |
|---|---|
| 23.04.26 | |
| নাম: **মোঃ আব্দুল আলীম** | নাম: |
| পদবী: আহবায়ক, কেন্দ্রীয় ক্রয় কমিটি | পদবী: |
| তারিখ: | তারিখ: |